রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ফেব্রুয়ারি ৯, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও নং-৩৩-আইন/২০২০।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কিশোরী উন্নয়ন কেন্দ্র (কোনাবাড়ী, গাজীপুর) প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের চাকুরী নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল;

(গ) **"নিয়মিতকরণ"** অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত প্রকল্পের কোনো কর্মচারীর চাকুরী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;

(ঙ) **“প্রকল্প”** অর্থ সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন ‘কিশোরী উন্নয়ন কেন্দ্র (কোণাবাড়ী, গাজীপুর)’ শীর্ষক প্রকল্প;

(চ) **“প্রকল্পের কর্মচারী”** অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরীরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;

(ছ) **“প্রকল্পের চাকুরীকাল”** অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকুরীকাল;

(জ) **“রাজস্ব বাজেটের পদ”** অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(ঝ) **“সাময়িকভাবে পদায়নকৃত”** অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের পদে অস্থায়ীভাবে পদায়ন।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। **রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।**—(১) প্রকল্পের কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তপশিলে বর্ণিত রাজস্ব বাজেটের পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময় সরকারের প্রচলিত নিয়োগবিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগবিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে; এবং

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরীর ধারাবাহিকতা থাকিলে এবং চাকুরী সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীর চাকুরী সন্তোষজনক হইলে, তিনি অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করিতে হইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়মিতকরণ করিত হইবে।

৫। **জ্যেষ্ঠতা নির্ধারণ।**—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা তাহার চাকুরী নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করিতে হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, সংশ্লিষ্ট কর্মচারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একইসঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময় নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারী নিয়মিতকৃত কর্মচারীর উপর জ্যেষ্ঠতা প্রাপ্ত হইবেন।

৬। **প্রকল্পের চাকুরীকাল গণনা।**—নিয়মিতকৃত কোনো কর্মচারীর বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাসমূহ নির্ধারণের ক্ষেত্রে তাহার প্রকল্পের চাকুরীকাল গণনা করিতে হইবে।

৭। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা উদ্ভূত হইলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তপশিল
[বিধি-২(খ) দ্রষ্টব্য]

**সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন 'কিশোরী উন্নয়ন কেন্দ্র (কোনাবাড়ী, গাজীপুর)' শীর্ষক প্রকল্প হইতে রাজস্ব বাজেটে জনবলসহ স্থানান্তরিত পদসমূহ:**

| প্রকল্পের নাম | প্রকল্পকাল | রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| কিশোরী উন্নয়ন কেন্দ্র (কোনাবাড়ী, গাজীপুর) | আরম্ভ : জুলাই ১৯৯৭ খ্রি.<br>সমাপ্ত : জুন, ২০০৩ খ্রি. | (১) সোস্যাল কেইস ওয়ার্কার | ১(এক) |
| | | (২) সাইকিয়াট্রিক সোস্যাল ওয়ার্কার | ১(এক) |
| | | (৩) ফিজিক্যাল ইন্স্ট্রাক্টর | ১(এক) |
| | | (৪) কারিগরি প্রশিক্ষক (সেলাই) | ১(এক) |
| | | (৫) কারিগরি প্রশিক্ষক (এমব্রয়ডারি) | ১(এক) |
| | | (৬) সহকারী শিক্ষক (ধর্মীয়) | ১(এক) |
| | | (৭) সহকারী শিক্ষক | ৩(তিন) |

| প্রকল্পের নাম | প্রকল্পকাল | রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|---|
| কিশোরী উন্নয়ন কেন্দ্র (কোনাবাড়ী, গাজীপুর) | আরম্ভ : জুলাই ১৯৯৭ খ্রি. সমাপ্ত : জুন, ২০০৩ খ্রি. | (৮) অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১(এক) |
| | | (৯) বেঞ্চ সহকারী | ১(এক) |
| | | (১০) নার্স | ১(এক) |
| | | (১১) ড্রাইভার | ১(এক) |
| | | (১২) হেড গার্ড | ১(এক) |
| | | (১৩) নিরাপত্তা প্রহরী | ৭(সাত) |
| | | (১৪) বাবুর্চি | ২(দুই) |
| | | (১৫) অ্যাটেনডেন্ট | ১(এক) |
| | | (১৬) মালি | ১(এক) |
| | | (১৭) বার্তাবাহক | ২(দুই) |
| | | (১৮) পরিচ্ছন্নতা কর্মী | ২(দুই) |
| | | সর্বমোট = | ২৯ (উনত্রিশ) |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd